অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/25/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো জন এফ. কেনেডি (JOHN F. KENNEDY, JFK)-এ এয়ার কার্গো আধুনিকীকরণ প্রকল্পের দ্বিতীয় পর্ব ঘোষণা করেছেন, যেটি গভর্নরের বিমানবন্দর পুনর্গঠনের দূরদর্শী পরিকল্পনার একটি অন্যতম অংশ

পোর্ট অথরিটি কমিশনের কমিশনার (Port Authority Board of Commissioners) 250,000 বর্গফুটের প্রকল্পের জন্য জেএফকে এয়ার কার্গো এলএলসি (JFK Air Cargo LLC)এর সাথে ইজারাচুক্তির অনুমোদন দিয়েছে

নতুন প্রকল্পে 70 মিলিয়ন মার্কিন ডলারের প্রাথমিক বেসরকারি বিনিয়োগ ও 152 মিলিয়ন মার্কিন ডলারের ভাড়া সংশ্লিষ্ট আয় নিশ্চিত করবে

প্রকল্পটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক কার্গো পরিচালনাকারী হিসেবে JFK এর অবস্থানের উন্নয়ন করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বিমানবন্দরের স্টেট-অফ-দ্যা-আর্ট হ্যান্ডলিং প্রকল্পের উন্নয়নে জেএফকে এয়ার কার্গো এলএলসি এর সাথে একটি দীর্ঘমেয়াদি ইজারা চুক্তি স্বাক্ষরের মাধ্যমে জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের (John F. Kennedy International Airport) মাল্টি-টায়ারড কার্গো আধুনিকীকরণ পরিকল্পনার দ্বিতীয় পর্ব ঘোষণা করেছেন।

পোর্ট অথরিটি বোর্ডের কমিশনার আজ বিকেলে 31 বছরের ইজারা চুক্তির অনুমোদন দিয়েছেন, যেটি এমন একটি চুক্তি যার মাধ্যমে ভাড়া হিসেবে 152 মিলিয়ন এবং JFK এয়ার কার্গো কর্তৃক একটি 70 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ আসবে বলে প্রত্যাশা করা যায়। সাইট প্রস্তুতকরণ কাজ ও নির্মাণকাজ সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় সড়কপথ উন্নয়নের জন্য বন্দর কর্তৃপক্ষ 13 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ করছে, যার মধ্যে থাকবে একটি নতুক ট্রাক "টার্ন অ্যারাউন্ড" যা অতিরিক্ত যানবাহনকে উত্তর কার্গো এলাকায় আরো সহজভাবে প্রবেশ করা ও বাহির হওয়ার সুযোগ দেবে। উত্তর কার্গো এলাকায় 16.2 একর জায়গাজুড়ে অবস্থিত নতুন প্রকল্প প্রায় 24 মাসের মধ্যে সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা যায়।

"নিউ ইয়র্কের দেশ সেরা অবকাঠামো বিনিয়োগসমূহ আমাদের অর্থনীতিকে মৌলিকভাবে পরিবর্তন করছে এবং নতুন JFK বিমানবন্দরের এই অভূতপূর্ব প্রবৃদ্ধিকে অব্যাহত রাখবে", **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন প্রকল্প এই অঞ্চলের জন্য উল্লেখযোগ্য অর্থনৈতিক সুফল সৃষ্টি করবে, কয়েক হাজার ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করবে এবং কার্গো পরিচালনায় JFK বিমানবন্দরের অবস্থানকে দেশসেরা হিসেবে সুসংহত করবে।"

"আমরা অবকাঠামো খাতে রেকর্ড পরিমাণ বিনিয়োগ এবং নিউ ইয়র্কের এয়ারপোর্টসমূহ আধুনীকিকরণের মাধ্যমে আমাদের স্টেটের পরিবর্তন সাধন করছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "এই নতুন কার্গো বিভাগ অতিরিক্ত বেসরকারী বিনিয়োগসমূহকে অনুপ্রাণিত করবে এবং অন্যতম কার্গো হোল্ডার হিসেবে JFK এর অবস্থানকে সংহত করবে। JFK বিমানবন্দরের উন্নয়ন পরিবহন খাতে বিশ্বমানের উন্নয়ন, ভ্রমণকারীদের অভিজ্ঞতা সমৃদ্ধকরণ ও অর্থনীতির উন্নয়নে আমাদের প্রচেষ্টাসমূহের উপর প্রতিষ্ঠিত।"

অর্থনৈতিক উন্নতি এবং বিমানবন্দর ও ঐ এলাকার প্রাণবন্ততার জন্য কার্গো গুরুত্বপূর্ণ এবং এটি গভর্নর কুওমোর JFK ভিশন পরিকল্পনার একটি অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান। 2018 সালে JFK বিমানবন্দরের প্রায় 1.4 মিলিয়ন টন কার্গো পরিচালনা করেছে যা কার্গো আয়তনের দিক থেকে এটিকে যুক্তরাষ্ট্রের শীর্ষ সাতটি বিমানবন্দরের একটিতে পরিণত করেছে। এই অঞ্চলজুড়ে এয়ারপোর্টের সামগ্রিক কার্গো ব্যবসা সর্বমোট প্রায় 78,000 কর্মসংস্থানে সহায়তা করে, যা বিক্রয়ের দিক থেকে 13.1 বিলিয়ন মার্কিন ডলার এবং বেতনের ক্ষেত্রে আনুমানিক 6 বিলিয়ন মার্কিন ডলার। প্রত্যাশা করা যায় যে নতুন সক্ষমতা আনুমানিক 200,000 টন অতিরিক্ত কার্গো, 5,400 আঞ্চলিক চাকুরি, $1.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশী বিক্রয় এবং বেতনের হিসেবে আনুমানিক 660 মিলিয়ন মার্কিন ডলার সংস্থান করবে।

বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কেভিন ও'টোলে বলেন, "বন্দর কর্তৃপক্ষ আমাদের গ্রাহকগণকে বিশ্বমানের সুযোগসুবিধা প্রদানের জন্য কঠোর পরিশ্রম করছে। এয়ারপোর্ট-কেন্দ্রীক কার্গো সুবিধাসমূহ এয়ারপোর্টের বাইরের স্থানগুলোর ক্ষেত্রেও একটি প্রতিদ্বন্দ্বীতামূলক সুবিধা প্রদান করে এবং এই নতুন কার্গো বিভাগ JFK এর পুনঃউন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ।"

বন্দর কর্তৃপক্ষের ভাইস চেয়ারম্যান জেফ্রি লিনফোর্ড বলেন, "আমাদের কেনেডি এয়ারপোর্টের পরিবর্তন কাজের অংশ হিসেবে বন্দর কর্তৃপক্ষ আমাদের এয়ার কার্গো বিভাগসমূহের উল্লেখযোগ্য উন্নয়নের মাধ্যমে সামনে অগ্রসর হচ্ছে। এই প্রকল্প ট্রাকের ভিড় কমানোর পাশাপাশি এয়ারপোর্টকে অধিকতর প্রতিযোগিতামূলক করে তুলবে এবং এই অঞ্চলে পুনরায় বিনিয়োগ করার জন্য আয় সৃষ্টি করবে।"

পোর্ট অথোরিটি নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "বন্দর কর্তৃপক্ষ JFK এর এয়ার কার্গো সুযোগসুবিধাসমূহের ক্ষেত্রে যে উন্নয়ন কার্যাবলী সম্পন্ন করছে সেগুলো শুধুমাত্র এয়ারপোর্টের ভবিষ্যতের ব্যাপারে গভর্নর কুওমোর সাহসী পরিকল্পনার একটি অংশ। JFK দীর্ঘদিন যাবত দেশের মধ্যে কার্গো ও যাত্রী উভয়ের জন্য অন্যতম গুরুত্বপূর্ণ গন্তব্য হিসেবে পরিগণিত হয়ে আসছে। আজকের পদক্ষেপ একটি শক্তিশালী বার্তা প্রদান করা অব্যাহত রাখবে যে JFK একটি বিশ্বমানের কাজ হওয়ার জন্য অঙ্গীকারবদ্ধ।"

গভর্নর কুওমো কর্তৃক উল্লিখিত কেনেডি বিমানবন্দর রূপান্তরের পরিকল্পনাটি একটি 13 বিলিয়ন মার্কিন ডলারের সংস্কার কাজ করতে যায় যেখানে দুটি নতুন টার্মিনাল নির্মাণ করা হবে যা একটি আন্তঃসংযুক্ত, একীভূত বিভাগ তৈরিতে সহায়তার মাধ্যমে এয়ারপোর্টের উত্তর ও দক্ষিণ পাশে মোট

চার মিলিয়ন বর্গফুট যুক্ত করবে। আধুনিক JFK বিমানবন্দরে অত্যাধুনিক যাত্রী সুযোগ-সুবিধা, সেরা নিরাপত্তা প্রযুক্তি ও উন্নত গ্রাহক সেবা অন্তর্ভুক্ত হবে। 12 বিলিয়ন মার্কিন ডলার ব্যয় নির্বাহ করার জন্য বেসরকারি অর্থায়ন ব্যবহার করা হচ্ছে।

এই বছরের ফেব্রুয়ারি মাসে গভর্নর কুওমো ঘোষণা করেন যে বিমানবন্দরের রুপান্তরের অংশ হিসেবে টার্মিনাল 8 সম্প্রসারণের জন্য আমেরিকান এয়ারলাইন্স ও ব্রিটিশ এয়ারওয়েজ অতিরিক্ত 344 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে পারে। পরের মাসে তিনি বিস্তৃতভাবে ধারণা করেন যে জেটব্লু (JetBlue) এর টার্মিনাল 5 এর ঠিক বাইরেই TWA হোটেল, যা এরো সরারিনেন (Eero Saarinen) এর ল্যান্ডমার্ক 1962 TWA Flight Center এর জাঁকজমক পুনরুদ্ধার করছে, তার শাখা খুলবে।

JFK বিমানবন্দরকে একটি বিশ্ব-মানের এভিয়েশন সেন্টার হিসেবে রুপান্তর করার পাশাপাশি আসন্ন বছরগুলোতে গ্রাহকদের চাহিদার প্রত্যাশিত বৃদ্ধি সামাল দেওয়ার জন্য পুনর্গঠন পরিকল্পনা সাজানো হয়েছে। এসকল বিনিয়োগ বিমানবন্দরকে বছরে অতিরিক্ত 15 মিলিয়ন যাত্রী পরিবহনে সক্ষম করবে, কেননা এয়ারপোর্টের আয়তন অব্যাহতভাবে নতুন নতুন রেকর্ড সৃষ্টি করছে।

কার্গো আধুনিকীকরণ প্রচেষ্টার প্রথম পর্ব 2017 সালে বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন দেওয়া হয়েছিল এবং সেইসাথে Aero JFK II LLC কে দীর্ঘমেয়াদে একটি 346,000 বর্গফুট প্রকল্পের ইজারা দেওয়া হয়েছিল। Aero JFK প্রকল্প ও 2017 এর ভোটে অনুমোদিত ট্যাক্সিওয়েজ CA ও CB পুনর্নির্মাণের কাজ ইতোমধ্যে অগ্রসর হয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন